

শিক্ষকের হাত থেকে ছিনিয়ে নিয়ে মিঠুকে ছুরিকাঘাত করেছে তারই সহপাঠী

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

গতকাল রোববার ঢাকা বিশ্ববিদ্যালয়ের
মার্কেটিং বিভাগের দ্বিতীয় বর্ষের একজন
ছাত্র কোর্স শিক্ষকের হাত থেকে তার এক
সহপাঠী ছিনিয়ে নিয়ে ছুরিকাঘাত
করেছে।

মার্কেটিং বিভাগের দ্বিতীয় বর্ষের
শিক্ষার্থীরা জানিয়েছে, গতকাল বিকেল
সাড়ে ৩টা থেকে মার্কেটিং দ্বিতীয় বর্ষের
ক্রাস লেকচার থিয়েটারের একটি কক্ষে
শুরু হয়।

ক্রাসের শুরুতে ঐ বর্ষের জহরুল
হক হলের আবাসিক ছাত্র মিঠুর সঙ্গে
সূর্যসেন হলের আবাসিক ছাত্র বিমানের
বেঞ্চে বসা নিয়ে উত্তপ্ত বাক্য বিনিময় হয়।
কোর্স শিক্ষক আফজাল হোসেন ক্রাসে
চকে মিঠু ও বিমানের বিবাদ মিটিয়ে দেন।
কিন্তু এরপর বিমান আর ক্রাস করেনি। সে
সূর্যসেন হলে গিয়ে তার কয়েকজন বন্ধুকে
নিয়ে এসে ক্রাসের বাইরে অপেক্ষা করতে
থাকে। ক্রাসশেষে কোর্স শিক্ষক আফজাল
হোসেন মিঠুর হাত ধরে ক্রাস থেকে
বেরিয়ে তাকে নিরাপদ গন্তব্যে পৌঁছে
দেয়ার উদ্যোগ নেন, কিন্তু ক্রাস থেকে
বেরুবার পরপরই বিমান ও তার বন্ধুরা
আফজাল হোসেনের হাত থেকে মিঠুকে
ছাড়িয়ে নেয় এবং তার পিঠে ও হাতে ছুরি
দিয়ে আঘাত করে।

পরে মিঠুকে ঢাকা
মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে
যাওয়া হয়।